গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
মহিলা বিষয়ক অধিদপ্তর
সিলেট।

স্মারক নং : ৩২.০১.৯১০০.০০০.০৩.০০৭.১৯ –১৫৮ তারিখ : ১৭।০৮।২০২০খ্রিঃ

বিষয়ঃ ভিজিডি কর্মসূচীর আওতায় ২০২১-২০২২ ভিজিডি চক্রের উপকারভোগী নির্বাচন প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভিজিডি কর্মসূচীর আওতায় ২০২১-২০২২ ভিজিডি চক্রের সিলেট জেলার সদর উপজেলায় ০৮টি ইউনিয়নে বিগত চক্রের ন্যায় নীতিমালার আলোকে নিম্নলিখিত শর্তাবলী পূরন স্বাপেক্ষে প্রাথমিক তালিকা প্রণয়নের জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে বিগত চক্রে যারা অপেক্ষমান তালিকায় ছিলেন তাদের কে চলতি চক্রে অন্তর্ভূক্ত করে বর্তমানে নির্বাচিতদের ডাটা এন্ট্রির জন্য নির্বাচন করতে হবে। আগামী ৩০ সেপ্টেম্বর ২০২০খ্রিঃ তারিখের মধ্যে প্রাথমিক তালিকা নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণ করতে হবে।

| ক্রঃ নং | ইউনিয়নের নাম | বরাদ্দকৃত কার্ড সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | ২ | ৪ | |
| ০১। | জালালাবাদ ইউ/পি | ৯০টি | |
| ০২। | হাটখোলা ইউ/পি | ৯০টি | |
| ০৩। | খাদিমনগর ইউ/পি | ১৩০টি | |
| ০৪। | খাদিমপাড়া ইউ/পি | ১৪৫টি | |
| ০৫। | টুলটিকর ইউ/পি | ৯০টি | |
| ০৬। | টুকেরবাজার ইউ/পি | ১৩৫টি | |
| ০৭। | মোগলগাঁও ইউ/পি | ৯০টি | |
| ০৮। | কান্দিগাঁও ইউ/পি | ১৩০টি | |
| | মোট | ৯০০ টি | |

শর্তাবলীঃ

১। প্রকৃত অর্থে ভূমিহীন অর্থাৎ খানা বা পরিবারের কোন জমি নেই অথবা নিজ মালিকানার বসত ভিটা ও চাষযোগ্য মোট জমির পরিমান ০.১৫একর অথবা কম। ভূমিহীন যে সব পরিবারের মহিলা দুস্থ ও অসহায় এবং যাদের অন্য কোন নিয়মিত আয়ের উৎস নেই।

২। যে পরিবার দৈনিক দিনমজুর হিসেবে জীবিকা নির্বাহ করে সে পরিবার অগ্রাধিকার পাবে।

৩। বয়স সীমা ২০-৫০ বছরের মধ্যে হতে হবে এবং শারীরিক ও মানসিকভাবে সুস্থ অসহায় ও দুস্থ মহিলাদের নির্বাচন করতে হবে। জাতীয় পরিচয় পত্র বাধ্যতামূলক।

৪। যে সকল দরিদ্র পরিবারে স্কুলে অধ্যয়নরত কিশোরী আছে সে পরিবারের মা অগ্রাধিকার পাবে।

৫। যে পরিবারের ঘরের দেয়াল মাটির/বাঁশের তৈরী সে পরিবার অগ্রাধিকার পাবে।

৬। যে সব পরিবারে অটিজম/ প্রতিবন্ধী সদস্য আছে সে পরিবার অগ্রাধিকার পাবে।

৭। যে পরিবারে বিদ্যুৎ সংযোগ নেই সে পরিবার অগ্রাধিকার পাবে।

৮। একটি পরিবার কেবল মাত্র ০১টি ভিজিডি কার্ড পাবে।

৯। যে পরিবার সরকারের অন্য কোন সামাজিক নিরাপত্তা কর্মসূচীর অন্তর্ভূক্ত যেমন( বিধবা ভাতা, মাতৃত্বভাতা, খাদ্যবান্ধব কর্মসূচি) সে সকল পরিবার ভিজিডি চক্রের অন্তর্ভূক্ত হবেন না।

১০। যে সকল পরিবার (২০১৭-২০১৮ এবং ২০১৯-২০২০)চক্রে ভিজিডি কার্ডধারী ছিলেন সে সকল পরিবার এ চক্রের অন্তর্ভূক্ত হবেন না।

17/08/2020
শাহিনা আক্তার
উপপরিচালক
মহিলা বিষয়ক অধিদপ্তর
সিলেট

চেয়ারম্যান
..............................ইউ/পি
সিলেট সদর, সিলেট